

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
ইনোভেশন টিম



৭ নভেম্বর ২০২২ তারিখ অনুষ্ঠিত অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি	আবদুল বাকী অতিরিক্ত সচিব
সভার তারিখ	০৭ নভেম্বর, ২০২২
সভার সময়	সকালঃ ১০:০০ ঘটিকা
স্থান	বিশ্বব্যাংক অনুবিভাগের সম্মেলন কক্ষ (ব্লক নং-১৬, কক্ষ নং-০৬)
উপস্থিতি	'সংযোজনী'-ক

সভার শুরুতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ইনোভেশন টিমের চীফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব জনাব আবদুল বাকী টিমের সকল সদস্যকে স্বাগত জানান। তিনি বলেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে ইনোভেশন টিমের কার্যক্রমে ব্যাপক ভূমিকা রয়েছে। ইনোভেশন টিমের কার্যক্রম যথাযথভাবে এবং যথাসময়ে বাস্তবায়ন করা না গেলে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে ইআরডি পিছিয়ে পড়বে এবং এ বিভাগের সুনাম ক্ষুণ্ণ হবে। তাই ইনোভেশন টিমের সকল সদস্যকে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সমন্বয় সাধন করে কাজ সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপিতর নির্দেশক্রমে টিমের সদস্য-সচিব মিজ রোকেয়া খাতুন, যুগ্মসচিব গত সভার সিদ্ধান্ত এবং ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। তিনি জানান, কর্মপরিকল্পনা অনুযায়ী গত ২৮/০৯/২০২২ তারিখে একটি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এছাড়া, বিগত অর্থবছরের উদ্ভাবনী ধারণার ডাটাবেজ প্রস্তুতকরণ এবং ফোর আই আর সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রস্তুত করে নির্ধারিত সময়ের মধ্যে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র. নং	আলোচসূচী	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	ক) বিভিন্ন টিমের সদস্য ও বাছাইকৃত ইনোভেশন ধারণা প্রদানকারীদের অংশগ্রহণে নভেম্বর, ২০২২ এবং ডিসেম্বর ২০২২ এর মধ্যে কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে ০২ টি প্রশিক্ষণ এর আয়োজন করতে হবে। খ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সমস্ত প্রশিক্ষণ এবং কর্মশালা মে ২০২২ এর মধ্য আয়োজন সম্পন্ন করতে হবে	ইনোভেশন টিম ও বাজেট ব্যবস্থাপনা শাখা
০২	চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা বিষয়ক কর্মশালার আয়োজন	১. চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা বিষয়ে ০২ (দুই) টি কর্মশালা যথাক্রমে ডিসেম্বর, ২০২২ এবং এপ্রিল ২০২৩ এর মধ্যে আয়োজন করতে হবে। ২. কর্মশালায় প্রাইভেট প্রতিষ্ঠান এবং সরকারী প্রতিষ্ঠানের দক্ষ রিসোর্সপার্সন আমন্ত্রণ জানাতে হবে।	ইনোভেশন টিম ও বাজেট ব্যবস্থাপনা শাখা

০৩	দেশে/বিদেশে বাস্তবায়িত একটি উদ্ভাবনী কার্যক্রম পরিদর্শন	সরকারের বিদেশ সফর সংক্রান্ত নির্দেশনার প্ৰেক্ষাপটে সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক দেশের মধ্যে বাস্তবায়িত একটি সফল উদ্যোগ ডিসেম্বর ২০২২ এর মধ্যে পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মিরানা মাহরুখ, যুগ্মসচিব, এশিয়া-১ অধিশাখা ও মিজ রোকেয়া খাতুন, সদস্য- সচিব, ইনোভেশন টিম
০৪	ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে Whatsapp গ্রুপ তৈরি করা	প্রয়োজনীয় তথ্য দূত ও কার্যকর উপায়ে আদান-প্রদানের উদ্দেশ্যে ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে Innovation Team 2022-23 নামে Whatsapp গ্রুপ তৈরি করতে হবে।	আইসিটি সেল
০৫	উদ্ভাবনী ধারণা বাছাইকরণ	প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহের মধ্য থেকে চলতি অর্ধবছরে বাস্তবায়নযোগ্য ধারণা নির্বাচনের নিমিত্ত নিম্নবর্ণিত উপকমিটি গঠন করা হলোঃ মিজ মিরানা মাহরুখ- আহবায়ক মিজ খাদিজা পারভীন- সদস্য মিজ শাহীনা আক্তার- সদস্য জনাব মাহমুদুল ইসলাম খান সদস্য  জনাব সাক্বির বিশ্বাস- সদস্য-সচিব  সাব-কমিটি বাছাই কার্যক্রম সম্পন্ন করে আগামী ১৫ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে প্রতিবেদন জমা দেবে।	সাব-কমিটি

সভায় আর কোন আলোচনা না থাকায় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্ত করেন।



আবদুল বাকী  
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ০৯.০০.০০০০.২৫৪.০৫.০০১.২২.৪৮


তারিখ: ২৫ কার্তিক ১৪২৯

১০ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব, এশিয়া অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ২) যুগ্মসচিব, বিশ্বব্যাংক অধিশাখা-৩, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৩) উপসচিব, জাপান অধিশাখা-১, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৪) উপসচিব, ডিই-১ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৫) উপসচিব, এডিবি শাখা-৪, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

- ৬) উপসচিব, ইউরোপ-৫ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৭) উপসচিব, সমন্বয়-৫ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৮) সিনিয়র সহকারী সচিব, জাতিসংঘ-৫ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৯) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-২, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ১০) সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ১১) ব্যক্তিগত কর্মকর্তা, উইং ২: বিশ্বব্যাংক, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ



রোকেয়া খাতুন  
যুগ্মসচিব